গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**চেয়ারম্যানের কার্যালয়**
**নিম্নতম মজুরী বোর্ড**
নাভানা শাহ্ পোরশিয়া (১৪তম তলা)
৪০, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
ই-মেইলঃ chairman_mwbdhaka@yahoo.com
Website-www.mwb. gov.bd

নম্বর: ৪০.০৪.০০০০.০০০.০০১.১১.০০০১.২৩-১৮ তারিখ: ০১ আষাঢ় ১৪৩৩
১৫ জুন ২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন নিম্নতম মজুরী বোর্ডের রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদে নিয়োগের নিমিত্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নলিখিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত চাকরির আবেদনের নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জা:বে:স্কেল ২০১৫) অনুযায়ী | বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | অফিস সহায়ক (গ্রেড-২০) ৮,২৫০-২০,০১০/- | অনূর্ধ্ব ৩২ বছর | ০১ (এক)টি | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

## নিয়োগ সংক্রান্ত শর্তাবলি:

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

২। আগ্রহী প্রার্থীগণকে বিজ্ঞপ্তি প্রচারের তারিখ হতে আগামী ১৬ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ বিকেল ৪.০০ ঘটিকার মধ্যে চেয়ারম্যান, নিম্নতম মজুরী বোর্ড, নাভানা শাহ্ পোরশিয়া (১৪তম তলা), ৪০, সেগুনবাগিচা, ঢাকা-১০০০ বরাবর আবেদন দাখিল করতে হবে। খামের উপর প্রেরক ও প্রাপকের পূর্ণাঙ্গ নাম ও ঠিকানা এবং নিজ জেলার নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

৩। নির্ধারিত আবেদন কম্পিউটার কম্পোজ বা স্বহস্তে পূরণ করে আবেদন ফরমের নির্ধারিত স্থানে তারিখসহ প্রার্থীকে স্বাক্ষর প্রদান করতে হবে।

৪। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত চাকুরির আবেদন ফরম নিম্নতম মজুরী বোর্ডের ওয়েবসাইট www.mwb. gov.bd হতে ডাউনলোড করা যাবে। আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।

৫। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত ও বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে।

৬। প্রার্থীর বয়স ০১ জুন ২০২৬ খ্রিস্টাব্দ তারিখে ১৮-৩২ বৎসরের মধ্যে হতে হবে। কোনোক্রমেই বয়সের এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৭। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

৮। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:
ক) আবেদনপত্রের নির্ধারিত স্থানে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।
খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র ও কোটা সংক্রান্ত প্রযোজ্য সকল সনদের সত্যায়িত অনুলিপি।
গ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি।
ঘ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত অনুলিপি।

Rasha

CamScanner

ঙ) প্রার্থীদের পরীক্ষার ফি বাবদ অফিস সহায়ক পদের জন্য ৫০/-(পঞ্চাশ) টাকা ১৩১০৪০১১১১৮৮১৮ নম্বর কোডে চালানের মাধ্যমে জমাদানপূর্বক চালানের মূল কপি আবেদনের সাথে সংযুক্ত করে দাখিল করতে হবে।

চ) প্রবেশ পত্র ইস্যুর স্বার্থে আবেদনের সাথে নিজের নাম ও ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকার ডাক টিকেট লাগানো ১টি ১০″×৫″ সাইজের ফেরৎ খাম প্রদান করতে হবে।

৯। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবীসহ সীল থাকতে হবে।

১০। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি উপস্থাপন করতে হবে।

১১। কোটা সম্পর্কিত সরকারি সর্বশেষ জারিকৃত নীতিমালা অনুসরণ করা হবে।

১২। অফিস সহায়ক পদে "শ্রম অধিদপ্তর, নিম্নতম মজুরী বোর্ড, শ্রম আদালত এবং শ্রম আপীল ট্রাইব্যুনাল (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২২" অনুযায়ী নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হবে।

১৩। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪। পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোনো প্রকার টি, এ/ডি, এ প্রদান করা হবে না।

(রাইসা আফরোজ)
সচিব
ও
সদস্য-সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা।

**চাকরির আবেদন ফরম**

| পাসপোর্ট সাইজের সম্প্রতি তোলা সত্যায়িত ৩(তিন) কপি ছবি |
|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | পদের নাম: | | | |
| ২ | বিজ্ঞপ্তি নম্বর: | | তারিখ: | দি ন মা স ব ৎ স র |
| ৩ | প্রার্থীর নামঃ | বাংলায়: | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে): | | |
| ৪ | জাতীয় পরিচয় নম্বর: | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | |
| ৫ | জন্ম তারিখ: | | ৬. | জন্মস্থান (জেলা): |
| ৭ | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস | দিন |
| ৮ | মাতার নাম: | | | |
| ৯ | পিতার নাম: | | | |
| ১০ | ঠিকানা: | বর্তমান | স্থায়ী | |
| | বাস ও সড়ক (নাম/নম্বর): | | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | | |
| | ডাকঘর: | | | |
| | পোস্টকোড নম্বর: | | | |
| | উপজেলা: | | | |
| | জেলা: | | | |
| ১১ | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর | ই-মেইল (যদি থাকে) | |
| ১২ | জাতীয়তা: | | ১৩ | জেন্ডার: |
| ১৪ | ধর্ম: | | ১৫ | পেশা: |

**১৬ শিক্ষাগত যোগ্যতা:**

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮ | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে): | | | |
| ১৯ | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | এতিম/শারীরিক প্রতিবন্ধী | |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন): |
| ২০ | চালান/ ব্যাংক ড্রাফট//পে-অর্ডার নম্বর: | | তারিখ: | |
| | ব্যাংক ও শাখার নামঃ | | | |
| ২১ | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন): | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

প্রার্থীর স্বাক্ষর

তারিখ:

CamScanner